বার্তা
আমরা মানের কথা বলি
একটি ত্রৈমাসিক প্রকাশনা / ৫ম সংখ্যা, জুন ২০১৮

জলাবদ্ধতা ও জমে থাকা পানি নিষ্কাশন ২

"প্যাশন ফর প্রফেশন" শিরোনামে সেমিনার ৪



ফরহাদ কামাল
ট্যালেন্ট অব দ্যা কোয়ার্টার
স্বয়ংক্রিয় পানির পাম্প নির্বাচন সফটওয়্যার তৈরির জন্য

## সম্পাদকীয়

একটি প্রতিষ্ঠানের উৎকর্ষতা অনেকাংশে কর্মচারীদের মানসিক প্রবৃদ্ধি, কর্মদক্ষতা এবং পারস্পরিক যোগাযোগ ও সম্পর্কের উপর নির্ভর করে। এই প্রয়োজনীয়তাকে সামনে রেখে পিএনএল হোল্ডিংস লিমিটেড কর্মচারীদের নিয়ে বিভিন্ন সময় সভা, সেমিনার, প্রশিক্ষণ ও বনভোজন আয়োজন করে থাকে। তারই ধারাবাহিকতায় প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারীদের নিয়ে "প্যাশন ফর প্রফেশন" শিরোনামে অনুষ্ঠিত হলো পেডরোলো বার্ষিক কর্মী সম্মেলন। আমাদের এই সংখ্যায় থাকছে কর্মী সম্মেলনের বিস্তারিত খবর। থাকছে সম্মেলনে মাইন্ড ম্যাপার বাংলাদেশ পরিচালিত "প্যাশন ফর প্রফেশন" নিয়ে সেমিনার, যা কর্মচারীদের মানসিক দক্ষতা বৃদ্ধিতে যথেষ্ট সহায়ক।

জলাবদ্ধতা বাংলাদেশের অন্যতম নাগরিক সমস্যা। অতিবৃষ্টিতে সৃষ্ট জলাবদ্ধতায় বেড়ে যায় ভোগান্তি। জলাবদ্ধতা ও জমে থাকা পানি নিষ্কাশন নিয়ে রয়েছে একটি ফিচার। আরো রয়েছে নতুন পণ্য পরিচিতি, বাণিজ্য মেলায় পেডরোলোর অংশগ্রহন এবং পানির পাম্প চালানোর টিপস।

## পানি পানের উপকারীতা

সুস্থ ভাবে বেঁচে থাকার জন্য একজন পূর্ণবয়স্ক ব্যক্তির প্রতিদিন প্রায় ৮-১০ গ্লাস পানি পান করা প্রয়োজন। শরীরের জন্য পানির উপকারীতা অপরিসীম।

- **ক্লান্তি দূর করতেঃ** ক্লান্তিবোধ করার অন্যতম প্রধান কারণ ডিহাইড্রেশন। শরীরে পানির শূন্যতা সৃষ্টি হলে রক্ত কণিকায় অক্সিজেন সরবরাহের জন্য হৃদপিন্ডকে কঠিন পরিশ্রম করতে হয়। তাই পর্যাপ্ত পানি পান আপনার শরীরকে সতেজ এবং ক্লান্তিমুক্ত রাখে।
- **কিডনি সুস্থ রাখতেঃ** রক্ত থেকে ছেঁকে ক্ষতিকর তরল বর্জ্য কিডনি প্রস্রাবের মাধ্যমে বের করে দেয়। কিডনি সুস্থ রাখতে বেশী করে পানি পান করা উচিত। নয়তো কিডনিতে পাথর হওয়ার সম্ভাবনা থাকে।
- **ক্যালোরি নিয়ন্ত্রণঃ** ডায়েট করার ভালো উপায় কম খাবার গ্রহন এবং বেশী পানি পান করা। এতে ক্যালোরি নষ্ট হয় বেশী। শরীরের ওজন কমানোর ম্যাজিক্যাল উপায় বেশি করে পানি পান করা।
- **হজমে সাহায্য করেঃ** পর্যাপ্ত পানি পান আপনার বিপাক ক্রিয়াকে ত্বরান্বিত করে। যার ফলে খাদ্য কণা সহজে ভেঙ্গে শরীরে পর্যাপ্ত শক্তি সরবরাহ করে।
- **শরীরের টক্সিন বের করতেঃ** পানি একটি চমৎকার ডেটোক্সিফার যা আপনার শরীর থেকে টক্সিন ঘাম এবং ইউরিনের মাধ্যমে বের করে দেয়।

## পেডরোলো বার্ষিক কর্মী সম্মেলন ২০১৮



পিএনএল হোল্ডিংস লিমিটেড এবং পেডরোলো বাংলাদেশের কর্মীদের নিয়ে গত ২০শে এপ্রিল নগরীর চার তারকা মানের হোটেল আগ্রাবাদে অনুষ্ঠিত হলো "বার্ষিক কর্মী সম্মেলন ২০১৮"। সম্মেলনটি প্রধান মানব সম্পদও প্রশাসন কর্মকর্তা জনাব আরিফ উল্যার উপস্থাপনায় দুপুর ৩ ঘটিকায় শুরু হয়ে রাত ১১টায় সমাপ্ত হয়। সারা দেশ থেকে প্রায় ২৫০ জন কর্মী সম্মেলনে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে প্রতিটি কর্মীকে প্রতিষ্ঠানের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও বিভিন্ন উপহার সামগ্রী প্রদান করা হয়। এরপর মাইন্ড ম্যাপার বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক খ্যাতিমান আন্তর্জাতিক প্রশিক্ষক জনাব এজাজুর রহমান "বিল্ডিং সেলফ কনফিডেন্স এন্ড প্যাশন ফর প্রফেশন" শিরোনামে প্রায় তিন ঘণ্টা ব্যাপী সপ্রতিভ একটি সেমিনার পরিচালনা করেন।

সন্ধ্যায় পেডরোলো ইতালির এক্সপোর্ট ম্যানেজার জনাব এলিসো ফ্রাঙ্কিত্তো মাল্টিমিডিয়া সহকারে পেডরোলোর নতুন পণ্যের বিস্তারিত বর্ণনা দেন। এছাড়া সম্মেলনে আরো বক্তব্য দেন পেডরোলো বাংলাদেশের সম্মানিত পরিচালক জনাব ইমরান খান, পরিচালক জনাব শামিম খান, চিফ ফাইন্যান্সিয়াল অফিসার জনাব সুভাষ চন্দ্র চৌধুরী(এফসিএ) ও হেড অব সেলস জনাব শরীফ উদ্দিন আহমেদ। (বাকি অংশ ৩য় পৃষ্ঠায়)

## পানির পাম্প চালানোর টিপস

- দীর্ঘদিন ব্যবহারের ফলে পাম্পে যদি বিয়ারিং সাউন্ড বেড়ে যায় তাহলে অবশ্যই বিয়ারিং পরিবর্তন করে পাম্প চালাবেন।
- সাবমার্সিবল পাম্পের ক্ষেত্রে বোরিং এ আয়রণের পরিমাণ বেশি হলে নির্দিষ্ট সময়ের পর অর্থাৎ পানির পরিমাণ কমে গেলে পাম্প তুলে পরিষ্কার করে চালাবেন।
- পাম্পের বা মটরের নির্ধারিত অ্যাম্পায়ারের চাইতে বেশি নিলে অবশ্যই সার্ভিস করে পাম্প চালাবেন।

## জলাবদ্ধতা ও জমে থাকা পানি নিষ্কাশন

জলাবদ্ধতা বর্তমানে বাংলাদেশের অন্যতম প্রধান সমস্যা। যার ফলে নাগরিক দুর্ভোগ, যন্ত্রণা থেকে কেউ রেহায় পায়না। আর্থিক মানসিক ক্ষতি ছাড়াও নষ্ট হয় কর্মঘন্টা। সাধারণত বৃষ্টির পানি কিংবা জমে থাকা পানির সঠিক নিষ্কাশনের অভাবে জলাবদ্ধতার সৃষ্টি হয়। পানি নিষ্কাশন হবার যথাযথ কোন পথ না থাকলে সেখানে জলাবদ্ধতা হয়। বিভিন্ন ভাবে পানি জমতে পারে। বৃষ্টির পানি, ড্রেনেজ , সুয়ারেজের বাঁধাগ্রস্ত পথ , নদী নালা ভরাট হয়ে যাওয়া ইত্যাদি কারণে স্থল ভাগে পানি জমে যায়। এতে রাস্তা ঘাটে জলাবদ্ধতার সৃষ্টি হয়ে নাগরিক সমস্যার উদ্ভব হয়।

জলাবদ্ধতার অন্যতম কারণ পানি নিষ্কাশনের পদ্ধতি সঠিক ভাবে কাজ না করা। ড্রেনেজ সিস্টেমে ময়লা আবর্জনা,পলিথিন ইত্যাদি জমে ভরাট হয়ে গেলে পানির প্রবাহ বাঁধাগ্রস্ত হয়। তাই যথাসম্ভব ড্রেনেজ ব্যবস্থা আবর্জনামুক্ত রাখা উচিৎ। কিন্তু আমরা একটু সচেতন হলেই জলাবদ্ধতা থেকে মুক্তি পেতে পারি। আমাদের গৃহস্থালি ময়লা আবর্জনা নির্ধারিত ডাস্টবিনে ফেলার অভ্যাস করতে পারি।

আমাদের ভরাট হয়ে যাওয়া নদী নালায় পলি আবর্জনা তুলে নদীর গভীরতা বৃদ্ধি করতে পারি। কর্তৃপক্ষের দায়িত্ব এই বিষয়টা নিয়মিত নজরে রাখা। পলি ভরাট হওয়া থেকে নদ নদীকে বাঁচানো। তাছাড়া নদীর চারপাশের অবৈধ স্থাপনা পানি প্রবাহের গতি বাধাগ্রস্ত করে। তাই অবৈধ স্থাপনা, বাঁধ থেকে নদীকে রক্ষা করতে হবে।

তাছাড়া পানি নিষ্কাশনের সাময়িক যে পদ্ধতি সেটা হলো পাম্পের ব্যবহার। পাম্পের সাহায্যে জমে থাকা পানি এক জায়গা থেকে অন্য জায়গায় সহজেই নিষ্কাশন করা যায়। এই সমস্যা নিরসনে পেডরোলো এনকে লিঃ বিশ্বখ্যাত ইতালিয়ান পেডরোলো ব্রান্ডের বেশ কিছু মডেলের পাম্প দেশের বাজারে বাজারজাত করছে, যা পানি নিষ্কাশনের জন্য খুব উপযুক্ত। যার মাঝে টপ মাল্টি এবং বিসি-এসটি পাম্প বিশেষভাবে কার্যকর। টপ মাল্টি পাম্প ছোট জায়গা যেমন বাসার গ্যারেজ, রুম অথবা গুদামের জলাবদ্ধতা সহজেই নিষ্কাশন করতে পারে। তাছাড়া ডাবল চ্যানেল ইমপেলার যুক্ত স্টেইনলেস স্টিলের বিসি সিরিজের সাবমার্সিবল পাম্প এই ক্ষেত্রে খুব উপযোগী। ময়লা পানি, সুয়ারেজের পানি, ভূপৃষ্ঠের উপরের পানি, বাড়ি কিংবা ফ্লাটের কাঁদা যুক্ত ময়লা পানি অপসারণে এই পাম্প উপযুক্ত। পানিতে ময়লা এবং তাতে ভেসে থাকা কণা এই পাম্প আলাদা করে চিহ্নিত করতে পারে। তাছাড়া পানি নিষ্কাশনের জন্য আরো রয়েছে ডি, জেডএক্স সিরিজ এবং এইচসিপি ব্রান্ডের “এ” , এ.এফ, এ.এস এবং এফ টাইপ সিরিজের পাম্প।

পানি নিষ্কাশনের সাময়িক যে পদ্ধতি সেটা হলো পাম্পের ব্যবহার। পাম্পের সাহায্যে জমে থাকা পানি এক জায়গা থেকে অন্য জায়গায় সহজেই নিষ্কাশন করা যায়।

## মানব সম্পদ ব্যবস্থাপনা পদ্ধতি Excel HR

একটি প্রতিষ্ঠানের সুষ্ঠ কর্মী ব্যবস্থাপনার জন্য প্রয়োজন দক্ষ মানব সম্পদ বিভাগ। প্রতিষ্ঠানের সাফল্য, ব্যর্থতা অনেকাংশে নির্ভর করে মানব সম্পদ বিভাগের তদারকি ও নজরদারীর উপর। কিন্তু সীমিত জনবল, স্বল্প সময় কিংবা দক্ষতা ঘাটতির কারণে প্রতিষ্ঠানের সব দিকে সমান মনযোগ এবং তদারকি করা যায়না। প্রশাসন এবং মানব সম্পদ বিভাগের সব কার্যবিধি সহজ করার জন্য AZNEO Limited নিয়ে এসেছে Excel HR সফটওয়্যার।

এখন সময় অটোমেশনের। Excel HR ব্যবহার করে নিম্নলিখিত সুবিধাগুলো উপভোগ করা যায় বলে মত দিয়েছেন প্রতিষ্ঠানের কর্মকর্তারা।

- কর্মচারীদের যে কোন তথ্য, জীবন বৃত্তান্ত ইত্যাদি জমা রাখা যায় এবং তাদের দক্ষতা অনুযায়ী বিভিন্ন বিভাগে সাজানো যায়।
- কর্মচারীদের দৈনন্দিন হাজিরা নজরদারী করা যায়।
- ফিংগার প্রিন্ট পদ্ধতির মাধ্যমে সহজে হাজিরা এবং অফিস ত্যাগের তথ্য নিশ্চিত করা যায়।
- যেসব প্রতিষ্ঠানে বিভিন্ন শিফট পদ্ধতি রয়েছে সে অনুযায়ী কর্মচারীদের শিফট ভাগ করে দেয়া যায়।
- এই পদ্ধতির মাধ্যমে কর্মচারীরা নিজেরা ছুটির জন্য আবেদন এবং বিভিন্ন ছুটির হিসাব রাখতে পারেন।
- কর্মচারীদের বিভিন্ন ছুটি উপস্থিতির উপর ভিত্তি করে স্বয়ংক্রিয় ভাবে বেতনের হিসাব করা যায়।
- পে স্লিপ, পে রোল রিপোর্ট এবং ট্যাক্সের হিসাব পাওয়া যায়।
- প্রতিষ্ঠানের কর্মকর্তাদের কাছে সহজেই রিপোর্ট পাঠানো যায়।
- এই সফটওয়্যার ব্যবহার পদ্ধতি সহজ এবং নিরাপদ।
- আলাদা কোন প্রশিক্ষণের প্রয়োজন হয় না।

এজেডনিও লিমিটেডের প্রধান আইটি কর্মকর্তা বলেন, Excel HR সম্পূর্ণ আন্তর্জাতিক মান অনুযায়ী তৈরি করা হয়েছে। গ্রাহকের চাহিদা অনুসারে যে কোন ফিচার সংযোজন করা যাবে।

## রেসিং তারকা সাদাত সাফওয়ানকে পেডরোলোর স্পন্সর




ব্রিটিশ ফরমুলা ৪ রেসিংয়ে অভিজ্ঞতালব্ধ আফফান সাদাত বিভিন্ন আন্তর্জাতিক কার রেসিং প্রতিযোগীতায় অংশগ্রহণ করে পুরস্কার অর্জন করেন। মাত্র ২০ বছর বয়সের এই তরুণ প্রতিভা আন্তর্জাতিক আঙ্গিনায় বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন। তিনি আশা করেন, সারা বিশ্বের মত বাংলাদেশেও মোটর স্পোর্টস রেসিং জনপ্রিয় হবে। স্বনামখ্যাত প্রতিষ্ঠান পেডরোলো বাংলাদেশ এই নতুন প্রতিভাকে স্পন্সর করে তরুন খেলোয়াড়দের অনুপ্রাণিত করে যাতে তারা দেশের জন্য আরো সম্মান বয়ে আনতে পারে।

# পেডরোলো বার্ষিক কর্মী সম্মেলন ২০১৮

জনাব ইমরান খান তার বক্তব্যে বলেন "ব্যক্তিক ও সামষ্টিক দক্ষতা উন্নয়ন, সময় উপযোগী ব্যবস্থাপনা ও আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থায় টিকে থাকার জন্য প্রশিক্ষণের কোন বিকল্প নেই। তিনি ভবিষ্যতেও এ ধরনের বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের মনোভাব ব্যক্ত করে আয়োজক ও প্রশিক্ষকের ভূয়সী প্রশংসা করেন।"

এসময় উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব নাদের খান। সম্মেলনের সমাপনী বক্তব্যে জনাব নাদের খান বলেন "উন্নত বিশ্বের সাথে আমাদের দক্ষতার একটি বড় ব্যবধান হলো, আমাদের শিক্ষা ও প্রশিক্ষণ ব্যবস্থা। উন্নত শিক্ষা ব্যবস্থা ও প্রশিক্ষণ পেলে একদিন আমরাও বিশ্ব শ্রম বাজারে নেতৃত্ব দিতে পারবো।"

সম্মেলনে ২০১৬-১৭ বর্ষের সেরা বিক্রয় কর্মীদের মাঝে সম্মাননা স্মারকও পুরস্কার প্রদান করা হয়। পুরস্কার প্রদান শেষে অতিথিদের সম্মানে আয়োজন করা হয় আকর্ষণীয় নৈশ ভোজের। এসময় খ্যাতনামা শিল্পীগণ মঞ্চে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। সবশেষে র‍্যাফল ড্র এর মাধ্যমে সম্মেলনের সমাপ্তি ঘোষণা করা হয়।

## পিএনএল এ্যালবাম



জনাব এলিসো ফ্রাঙ্কিত্তো কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন জনাব নাদের খান



সম্মেলনে বক্তব্যরত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব নাদের খান



পেডরোলোর নতুন পাম্পের বর্ণনা দিচ্ছেন জনাব এলিসো ফ্রাঙ্কিত্তো



বার্ষিক কর্মী সম্মেলনে প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ



সেরা বিক্রয়কর্মীদের মাঝে সম্মাননা স্মারক ও পুরস্কার প্রদান


নৈশভোজের প্রাক্কালে অতিথিদের সাথে কুশল বিনিময় করছেন পরিচালক হাসিনা খান

## প্রাইম ব্যাংকের ভাইস চেয়ারম্যান জনাব ইমরান খান



পেডরোলো বাংলাদেশের সম্মানিত পরিচালক জনাব ইমরান খান প্রাইম ব্যাংক লিমিটেডের ভাইস চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় পেডরোলোর উর্ধ্বতন কর্মকর্তাগণ অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা জানান। তিনি সুদূর প্রসারী চিন্তা ভাবনা ও দক্ষ নেতৃত্বের মাধ্যমে পিএনএল হোল্ডিংস লিমিটেড এবং এর অঙ্গ সংস্থার সম্মানিত পরিচালক হিসেবেও দায়িত্ব পালন করছেন।

## পণ্য পরিচিতিঃ পেরিফেরাল ইমপেলার পাম্প



Model : PKm 60
Head : Up to 100meter
Flow : Up to 90 liter/min

পেরিফেরাল ইমপেলার পাম্প ব্যবহার সহজ ও লাভজনক এবং নির্ভরযোগ্য। যেকোন ঘরোয়া কাজ সহ বাগানের সেচ ও অবকাঠামোতে পানি সরবরাহের জন্য ছোট্ট পরিসরে ব্যবহারের জন্য এই পাম্প আদর্শ। এই পাম্প সিরিজের সর্বোচ্চ ফ্লো রেট মিনিটে নব্বই লিটারের উপরে এবং হেড প্রায় একশ মিটারের মত হয়। পরিষ্কার পানি যেখানে ময়লা নেই এবং যেখানে পাম্পের জন্য ক্ষতিকর রাসায়নিক পদার্থ নেই সেখানে এই পাম্প ব্যবহার উপযোগী। বাংলাদেশের বাজারে পেরিফেলার ইমপেলার পাম্প সিরিজের বিক্রয় মূল্য শুরু হয় সর্বনিম্ন পাঁচ হাজার দুইশত পঞ্চাশ টাকা থেকে।

## "প্যাশন ফর প্রফেশন" শিরোনামে সেমিনার




পেডরোলোর বার্ষিক কর্মী সম্মেলনের অন্যতম আলোচ্য বিষয় ছিল "প্যাশন ফর প্রফেশন" অর্থাৎ "পেশার প্রতি আবেগ"। এই বিষয়টি সামনে রেখে আন্তর্জাতিক মানসম্পন্ন খ্যাতিমান প্রশিক্ষক, মাইন্ড ম্যাপার বাংলাদেশের ব্যবস্থাপনা পরিচালক জনাব এজাজুর রহমান "প্যাশন ফর প্রফেশন" শিরোনামে তিন ঘন্টা ব্যাপি একটি উপভোগ্য ও শিক্ষণীয় সেমিনার পরিচালনা করেন, যা কর্মচারীদের মানসিক দক্ষতা বৃদ্ধিতে ইতিবাচক ভূমিকা পালন করে।

জনাব এজাজুর রহমান বলেন, "কর্মক্ষেত্রে আবেগের সঠিক ব্যবহার কর্মীকে একটি সঠিক কর্মজীবন উপহার দিতে পারে।" পেশাগত প্রতিষ্ঠানে কর্মীদের ইতিবাচক মনোভাব কিভাবে কর্মক্ষেত্রে প্রভাব ফেলে সে সম্পর্কে তিনি বিস্তারিত আলোচনা করেন। এইসময় তিনি নিজের ব্যক্তিগত জীবনের উদাহরণ টেনে বলেন, তার এই বিরাট সাফল্যের পিছনে তার কাজের প্রতি ইতিবাচক মনোভাব সবচেয়ে বেশী ভূমিকা পালন করে।

তিনি আরো বলেন, " একজন কর্মী শুধু তার প্রতিষ্ঠানের প্রতি নয় , বরং সে তার নিজ, পরিবার, সমাজ ও দেশের প্রতি ও দায়বদ্ধ।" তিনি পেডরোলো প্রতিষ্ঠানের মাননীয় এমডি মহোদয়ের প্রসঙ্গ টেনে বলেন, "একজন মানুষ তার কর্মশক্তিকে শুধু ব্যবসায়িক পরিমন্ডলের মধ্যে সীমাবদ্ধ না রেখে দেশ ও দশের সেবা ও উন্নতির পথে সহায়ক হয়েছেন।" সম্পূর্ণ সেমিনারটি ছিল আকর্ষণীয় উপস্থাপনা, উৎসাহ ব্যঞ্জক সংগীত, রোল প্লে, সিমুলেশন এবং বন্ধুত্বপূর্ণ অংশগ্রহণে পরিপূর্ণ। সেমিনারে তিনি "রিচ ড্যাড এন্ড পুওর ড্যাড" নামক বই সহ আরো বেশ কিছু আত্ম উন্নয়নমূলক বই পড়ার পরামর্শ দেন। সেমিনার শেষে কর্মীদের মাঝে প্রাণ চাঞ্চল্য মনোভাব লক্ষ্য করা যায় এবং তারা এই ধরনের সেমিনার আরো বেশি বেশি হওয়া উচিত বলে মনে করেন।

## চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় পেডরোলো




সর্বাধুনিক প্রযুক্তির পণ্য নিয়ে নগরীর পলোগ্রাউন্ড মাঠে অনুষ্ঠিত ২৬তম চট্টগ্রাম আন্তর্জাতিক বাণিজ্য মেলায় অংশগ্রহণ করেছে পেডরোলো। যেখানে প্রদর্শিত হয়েছে ইতালিয়ান প্রযুক্তিতে তৈরি বিভিন্ন কাজের উপযোগী পানির পাম্প। মেলা চলাকালীন পেডরোলো স্টলে দর্শনার্থীদের প্রচুর ভীড় লক্ষ্য করা যায়। মেলা উপলক্ষ্যে ছিল আকর্ষণীয় মূল্যে নানা রকম সুযোগ সুবিধা সহ পছন্দের পণ্য কেনার সুযোগ।